# রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ

## হ্যান্ডনোট

শ্রেণীঃ নবম ও দশম

বিষয়ঃ বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

অধ্যায়ঃ পঞ্চম (প্রাচীন বাংলার সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক ইতিহাস)

### জ্ঞানমুলক প্রশ্ন ও উত্তর

প্রঃ আর্যদের আগমনের পূর্বে প্রাচীন বাংলার গোত্রভুক্ত সমাজের নাম কী ছিল?
উঃ 'কৌম' সমাজ

প্রঃ আর্য (হিন্দু) সমাজে কয়টি বর্ণ বা শ্রেণী ছিল?
উঃ ৪ টি; যথা- ক) ব্রাহ্মণ খ) ক্ষত্রিয় গ) বৈশ্য ও ঘ) শূদ্র

প্রঃ ব্রাহ্মণদের পেশা কী ছিল?
উঃ অধ্যাপনা ও পূজা-আর্চনা করা

প্রঃ ক্ষত্রিয়দের পেশা কী ছিল?
উঃ যুদ্ধ করা

প্রঃ বৈশ্যদের পেশা কী ছিল?
উঃ ব্যবসা-বাণিজ্য

প্রঃ শূদ্রদের পেশা কী ছিল?
উঃ সাধারণত যারা কায়িক শ্রম করত তারা ছিল এই শ্রেণীর অন্তর্ভুক্ত; যেমনঃ কৃষক-শ্রমিক শ্রেণীর লোক ছিল এই শ্রেণীর

প্রঃ মৃত স্বামীর সাথে একই চিতায় স্ত্রীকে পুড়িয়ে মারার প্রথার নাম কী?
উঃ 'সতীদাহ' প্রথা

প্রঃ প্রাচীন বাংলার মানুষের যাতায়াতের প্রধান মাধ্যম কী ছিল?
উঃ নৌকা ও গরুর গাড়ী

প্রঃ প্রাচীন বাংলার অর্থনীতি মূলতঃ কিসের উপর নির্ভরশীল ছিল?
উঃ 'কৃষি'র উপর

প্রঃ প্রাচীন বাংলার ভূমি ব্যবস্থায় কত প্রকারের ভূমি ছিল?
উঃ ৩ প্রকার; যথা- ক) বাস্তু খ) ক্ষেত্র ও গ) খিল

প্রঃ 'বাস্তু' কোন প্রকার জমিকে বলা হয়?
উঃ যে জমি ঘর-বাড়ি তৈরির জন্য উপযুক্ত ছিল তাকে 'বাস্তু' জমি বলা হয়

প্রঃ 'ক্ষেত্র' বলা হয় কোন প্রকার জমিকে?
উঃ যে সকল জমি উর্বর ও চাষাবাদের জন্য উপযুক্ত সে সকল জমিকে বলা হয় 'ক্ষেত্র'

প্রঃ 'খিল' বলতে কোন প্রকার জমি বোঝায়?
উঃ যে সকল জমি পতিত বা চাষাবাদের অনুপযুক্ত সে সকল জমিকে বলা হয় 'খিল'

প্রঃ প্রাচীন বাংলায় কিসের দ্বারা জমি মাপা হত?
উঃ 'নল' দ্বারা

প্রঃ প্রাচীনকালে বাংলার শিল্পগুলোর মধ্যে সবচেয়ে প্রসিদ্ধ ছিল কোন শিল্প?
উঃ বস্ত্র শিল্প

প্রঃ কোন বস্ত্রটির নাম-ডাক ছিল বিশ্বজোড়া?
উঃ 'মসলিন' কাপড়ের

## জ্ঞানমুলক প্রশ্ন ও উত্তর

প্রঃ ফা-হিয়েন ও হিউয়েন সাং কোন দেশের পরিব্রাজক বা পর্যটক?
উঃ উভয়েই চীন দেশের

প্রঃ প্রাচীন বাংলায় বৌদ্ধদের মৃতদেহ পুঁতে রাখার জন্য উঁচু স্থানকে কী বলা হয়?
উঃ স্তুপ

প্রঃ বাংলাদেশের সবচেয়ে প্রাচীন স্তুপ কোনটি?
উঃ ঢাকা জেলার আশরাফপুর গ্রামে অবস্থিত রাজা দেব খড়গের স্তুপ (এটি ব্রোঞ্জ নির্মিত)

প্রঃ রাজা ধর্মপাল নির্মিত বৌদ্ধ বিহারগুলোর নাম লিখ?
উঃ পাহাড়পুর বা সোমপুর বিহার, বিক্রমশীল বিহার এবং ওদন্তপুর বিহার

প্রঃ শালবন বিহার কোথায় অবস্থিত?
উঃ কুমিল্লার ময়নামতিতে

প্রঃ উয়ারী-বটেশ্বর প্রত্নস্থলটি কোথায় অবস্থিত?
উঃ নরসিংদী জেলায়

প্রঃ প্রাচীন বাংলায় বিশ্ববিখ্যাত বৌদ্ধ ধর্ম প্রচারকের নাম কী?
উঃ অতীশ দীপংকর

প্রঃ অতীশ দীপংকর কোথায় জন্মগ্রহণ করেন?
উঃ বিক্রমপুর (বর্তমান মুন্সীগঞ্জ জেলা)

প্রঃ 'অষ্টসাহস্রিকা প্রজ্ঞাপারমিতা' কী?
উঃ রাজা রামপালের আমলে রচিত পুঁথিচিত্র

প্রঃ 'ব্রহ্মদেশ' বলতে বর্তমানে কোন দেশকে বোঝায়?
উঃ 'মায়ানমার' কে

প্রঃ 'শ্যামদেশ' বলতে বর্তমানে কোন দেশকে বোঝায়?
উঃ 'থাইল্যান্ড' কে

প্রঃ আর্যদের ভাষার নাম কী?
উঃ 'বৈদিক' ভাষা

প্রঃ বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন কী?
উঃ চর্যাপদ

প্রঃ চর্যাপদ কোথায় থেকে আবিষ্কৃত হয়?
উঃ নেপাল থেকে

প্রঃ চর্যাপদ নেপাল থেকে সংগ্রহ করে নিয়ে আসেন কে?
উঃ হরপ্রসাদ শাস্ত্রী

প্রঃ চর্যাপদের মোট কয়টি পদ পাওয়া যায়?
উঃ ৪৭ টি

প্রঃ জৈন ধর্মের প্রবর্তক কে?
উঃ বর্ধমান মহাবীর

প্রঃ বৌদ্ধ ধর্মের প্রবর্তক কে?
উঃ গৌতম বুদ্ধ বা বুদ্ধদেব

প্রঃ কোন শাসকের সময় বাংলায় বৌদ্ধ ধর্ম প্রসার লাভ করে?
উঃ মৌর্য সম্রাট অশোকের সময়

প্রঃ কুমিল্লার ময়নামতিতে অবস্থিত শালবন বিহারের নির্মাতা কে?
উঃ শ্রীভবদেব

# অনুধাবনমুলক ও উচ্চতর দক্ষতামুলক প্রশ্ন ও উত্তর

**প্রঃ প্রাচীন বাংলার জাতিভেদ প্রথা সম্পর্কে সংক্ষেপে আলোকপাত কর।**

উঃ নিচে একটি ছকের সাহায্যে প্রাচীন বাংলার তথা আর্যসমাজের চারটি বর্ণের নাম ও তাদের পেশা তুলে ধরা হলঃ

| ক্রমিক নং | বর্ণের নাম | পেশার নাম |
|---|---|---|
| ০১ | ব্রাহ্মণ | অধ্যাপনা ও পূজা-আর্চনা করা |
| ০২ | ক্ষত্রিয় | যুদ্ধ করা |
| ০৩ | বৈশ্য | ব্যবসা-বাণিজ্য |
| ০৪ | শুদ্র | সাধারণত যারা কায়িক শ্রম করত তারা ছিল এই শ্রেণীর অন্তর্ভুক্ত; যেমনঃ কৃষক-শ্রমিক শ্রেণীর লোক ছিল এই শ্রেণীর |
| *এ সমাজে জন্মগতভাবেই পেশা নির্ধারিত হত। অর্থাৎ এখানে পেশার স্বাধীনতা ছিলনা। পেশা বাছাইয়ের ক্ষেত্রে যোগ্যতাও এখানে অকার্যকর ছিল।* | | |

**প্রঃ প্রাচীন বাংলার মানুষের সামাজিক জীবন সম্পর্কে সংক্ষেপে আলোকপাত কর।**

উঃ নিচে প্রাচীন বাংলার মানুষের পোশাক-পরিচ্ছেদ, অলংকার, বাদ্যযন্ত্র ও খেলাধুলার একটি তালিকা/ছক প্রস্তুত করা হলঃ

| ক্রমিক নং | বিভিন্ন দিক | উপাদানের নাম | | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | পোশাক-পরিচ্ছেদ | মহিলা | শাড়ি, ওড়না | শাড়ি গোড়ালী পর্যন্ত পৌঁছাত |
| | | পুরুষ | ধূতি, চাদর | ধূতি হাটু পর্যন্ত মালকোচ দিয়ে পরত |
| ০২ | অলংকার | কানে কুন্ডল, গলায় হার, আংগুলে আংটি, হাতে বালা ও পায়ে মল পরিধান করত [পুরুষ এবং মহিলারা উভয়েই অলংকার পরত] | | মহিলারা খোঁপা বাঁধত<br>পুরুষরা কাঁধ পর্যন্ত বাবরি চুল রাখত |
| ০৩ | বাদ্যযন্ত্র | বীণা, বাঁশি, মৃদঙ্গ, ঢাক, ঢোল, খোল, করতাল | | |
| ০৪ | খেলাধুলা | পুরুষ | পাশা, দাবা, কুস্তি, শিকার, ব্যায়াম, নৌকাবাইচ ইত্যাদি | |
| | | মহিলা | উদ্যান রচনা, জলক্রীড়া | |
| ০৫ | উৎসব | ভাইফোঁটা, নবান্ন, রথযাত্রা, অষ্টমী স্নান, হোলি, জন্মাষ্টমী, দশহরা, গঙ্গাস্নান প্রভৃতি | | |

**প্রঃ প্রাচীন বাংলার নৌ ও সমুদ্র বন্দর গুলোর নাম লিখ?**

উঃ নব্যাবশিকা, কোটীবর্ষ, পুন্ড্রবর্ধন, তাম্রলিপ্ত, কর্ণসুবর্ণ ও সপ্তগ্রাম

**প্রঃ প্রাচীন বাংলার ব্যবসা-বাণিজ্য জলপথে ও স্থলপথে যে সকল দেশের সাথে চলত তাদের একটি তালিকা/ছক তৈরি কর?**

উঃ প্রাচীন বাংলার ব্যবসা-বাণিজ্য জলপথে ও স্থলপথে যে সকল দেশের সাথে চলত তাদের একটি তালিকা তৈরি কর হলঃ

| ক্রমিক নং | পথের নাম | স্থানের/দেশের নাম |
|---|---|---|
| ০১ | জলপথ | সিংহল, চম্পা, কম্বোজ, যবদ্বীপ, মালয়, শ্যাম, সুমাত্রা, চীন প্রভৃতি |
| ০২ | স্থলপথ | চীন, নেপাল, ভুটান, তিব্বত, মধ্য এশিয়া প্রভৃতি |

**প্রঃ প্রাচীন বাংলার ধর্মীয় অবস্থা সম্পর্কে সংক্ষেপে আলোকপাত কর।**

উঃ প্রাচীন বাংলার ধর্মীয় অবস্থা সম্পর্কে সংক্ষেপে আলোকপাত করা হলঃ

| ক্রমিক নং | রাজবংশের নাম | উক্ত রাজবংশের রাজাদের পালিত ধর্ম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | মৌর্য | প্রথমে বৈদিক পরে বৌদ্ধ | অশোকের সময় থেকে বৌদ্ধ |
| ০২ | গুপ্ত | ব্রাহ্মণ্য | |
| ০৩ | শশাংক | শৈব | |
| ০৪ | পাল | বৌদ্ধ | |
| ০৫ | দক্ষিণ-পূর্ব বাংলার স্বাধীন রাজ্যসমূহ | বৌদ্ধ | এসব রাজবংশের অধিকাংশ রাজাই বৌদ্ধ ধর্মালম্বী ছিলেন |
| ০৬ | সেন | হিন্দু | |